শেখ হাসনার নির্দেশ
জলবায়ু সহিষ্ণু বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
(প্রশাসন-২ অধিশাখা)

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)'র ৪র্থ ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন পরিবীক্ষণের লক্ষ্যে মন্ত্রণালয়ের বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	:	ড. ফারহিনা আহমেদ সচিব পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
সভার তারিখ	:	০৫/০৭/২০২২ খ্রি:
সময়	:	বিকাল ৩:০০ ঘটিকা
সভার স্থান	:	ভার্চুয়াল প্লাটফর্ম

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা: পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় জানানো হয় যে, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)'র ৪র্থ ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন এ মন্ত্রণালয়ের Budget Management Committee (BMC) কর্তৃক পরিবীক্ষণপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের নির্দেশনা রয়েছে। সভাপতির সম্মতিক্রমে এপিএ টিম লিডার ও যুগ্মসচিব (প্রশাসন) আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যপত্র উপস্থাপন করেন। অত:পর নিম্নরুপ বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র: নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১। মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ:				
ক.	পরিবেশ অধিদপ্তর সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক	পরিবেশ অধিদপ্তরের কর্মসম্পাদন সূচকসমূহের অধিকাংশই লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জন করা হয়েছে। কিছু কিছু সূচকে কাংখিত লক্ষ্যমাত্রার চেয়ে বেশি অর্জন করা হয়েছে।	কর্মসম্পাদন সূচকের বিপরীতে যথাযথ প্রমাণক দাখিল করতে হবে। যে সকল সূচকে লক্ষ্যমাত্রার চেয়ে বেশি অর্জন করা হয়ছে সে সকল সূচকে পরবর্তী অর্থবছরের লক্ষ্যমাত্রা বৃদ্ধি করতে হবে।	পরিবেশ অধিদপ্তর
খ.	বন অধিদপ্তর সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক	বন অধিদপ্তরে চলমান সুফল প্রকল্প এবং সেন্টমার্টিন দ্বীপ সংলগ্ন বঙ্গোপসাগরের ৭০ মিটার গভীর সমুদ্রের ১ হাজার ৭৪৩ বর্গ কিমি এলাকাকে মেরিন প্রটেক্টেড এরিয়া ঘোষণার কারণে অন্যান্য বছরের তুলনায় এ বছর বনায়ন কার্যক্রম বৃদ্ধি পেয়েছে। যার ফলে বন অধিদপ্তরের প্রায় সকল সূচকেই কাঙ্খিত লক্ষ্যমাত্রার চেয়ে বেশি অর্জন সম্ভব হয়েছে।	কর্মসম্পাদন সূচকের বিপরীতে যথাযথ প্রমাণক দাখিল করতে হবে। আগামী অর্থবছরে বন অধিদপ্তরের চলমান বিভিন্ন প্রকল্পের কার্যক্রম বিবেচনায় এপিএ লক্ষ্যমাত্রা নির্ধারণ করতে হবে।	বন অধিদপ্তর
গ.	বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক	বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট এর কর্মসম্পাদন সূচকসমূহের লক্ষ্যমাত্রা ও অর্জন একই। এ বিষয়ে পরিচালক, বিএফআরআই বলেন, বিএফআরই-এ ১ম কোয়ার্টার থেকে লক্ষ্যমাত্রা অনুযায়ী সুনির্দিষ্ট ভাবে পরিকল্পনা প্রণয়ন পূর্বক কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। সে প্রেক্ষিতে কাঙ্খিত লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জন সম্ভব হয়েছে।	প্রত্যেক দপ্তর/সংস্থার ১ম কোয়ার্টার থেকে লক্ষ্যমাত্রা অনুযায়ী সুনির্দিষ্ট ভাবে পরিকল্পনা প্রণয়ন পূর্বক এপিএ বাস্তবায়ন করতে হবে।	বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট

ক্র: নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
ঘ.	বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক	পর্যাপ্ত জনবল নিয়োগের কারণে বাংলাদেশে ন্যাশনাল হারবেরিয়াম কাঙ্খিত লক্ষ্যমাত্রার চেয়ে বেশি অর্জন করতে সক্ষম হয়েছে।	কর্মসম্পাদন সূচকের বিপরীতে যথাযথ প্রমাণক দাখিল করতে হবে। আগামী অর্থবছরে চলমান বিভিন্ন প্রকল্পের কার্যক্রম বিবেচনায় এপিএ লক্ষ্যমাত্রা নির্ধারণ করতে হবে।	বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম
ঙ.	বাংলাদেশে বন শিল্প উন্নয়ন কর্পোরেশন সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক	কর্মসম্পাদন সূচকসমূহের লক্ষ্যমাত্রা অর্জন করা হয়েছে। কিছু কিছু সূচকে কাংখিত লক্ষ্যমাত্রারে চেয়ে বেশি অর্জন করা হয়েছে।	কর্মসম্পাদন সূচকের বিপরীতে যথাযথ প্রমাণক দাখিল করতে হবে। যে সকল সূচকে লক্ষ্যমাত্রার চেয়ে বেশি অর্জন করা হয়ছে সে সকল সূচকে পরবর্তী অর্থবছরের লক্ষ্যমাত্রা বৃদ্ধি করতে হবে।	বাংলাদেশে বন শিল্প উন্নয়ন কর্পোরেশন
চ.	অংশীজন সভা (এলডিসি গ্রাজুয়েশন বাস্তবায়নে মন্ত্রণালয়ের কৌশল)	এলডিসি বিষয়ক ৫টি অংশীজন সভার লক্ষ্যমাত্রা বিপরীতে ৪র্থ কোয়ার্টারের ৪টি এলডিসি গ্রাজুয়েশন বিষয়ক অংশীজন সভার এবং ২য় কোয়ার্টারে ১টি অংশীজন সভার আয়োজন করা হয়েছিল।	কর্মসম্পাদন সূচকসমূহের লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রতি কোয়ার্টারের লক্ষ্যমাত্রা যথাসময়ে বাস্তবায়ন করতে হবে। বছরের শুরু থেকে নিষ্ঠাবান হতে হবে।	সংশ্লিষ্ট শাখা/উন্নয়ন অনুবিভাগ
২। আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ:				
ক	২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা	পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার কর্মসম্পাদন সূচকসমূহ যথাসময়ে অর্জিত হয়েছে। ভবিষ্যতে যেন শতভাগ অর্জন সম্ভব হয় সে বিষয়ে মন্ত্রণালয়সহ আওতাধীন দপ্তর/সংস্থাকে সচেষ্ট থাকার জন্য অনুরোধ করা হয়।	২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ৪র্থ ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতিসহ স্বমূল্যায়ন প্রতিবেদন যথাসময়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। ২০২২-২৩ অর্থবছরের প্রতিটি সূচক যেন যথাসময়ে বাস্তবায়ন করা যায় সে বিষয়ে সবাইকে সচেষ্ট থাকতে হবে।	আওতাধীন দপ্তর/সংস্থা এবং মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখা/ প্রশাসন-২ অধিশাখা/ নৈতিকতা কমিটি
খ.	২০২১-২২ অর্থবছরের ই-গভর্ণ্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা	পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের ২০২১-২২ অর্থবছরের ই-গভর্ণ্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা অধিকাংশ কর্মসম্পাদন সূচক যথাসময়ে অর্জিত হয়েছে। কিন্তু ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থ যথাযথভাবে ব্যয় করা সম্ভব হয়নি। ভবিষ্যতে এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকার জন্য অনুরোধ জানানো হয়।	২০২১-২২ অর্থবছরের ই-গভর্ণ্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার ৪র্থ ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতিসহ স্বমূল্যায়ন প্রতিবেদন যথাসময়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।	সংশ্লিষ্ট শাখা/ প্রশাসন-২ অধিশাখা/ ইনোভেশন টিম
গ.	২০২১-২২ অর্থবছরের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা	পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের ২০২১-২২ অর্থবছরের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনার কর্মসম্পাদন সূচকসমূহ যথাসময়ে অর্জিত হয়েছে।	২০২১-২২ অর্থবছরের ই-গভর্ণ্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার ৪র্থ ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতিসহ স্বমূল্যায়ন প্রতিবেদন যথাসময়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।	সংশ্লিষ্ট শাখা/প্রশাসন-৩ শাখা/ জিআরএস ফোকাল পয়েন্ট
ঘ.	২০২১-২২ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা	পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের ২০২১-২২ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনার অধিকাংশ কর্মসম্পাদন সূচকসমূহ যথাসময়ে অর্জিত হয়েছে। সেবা প্রদান	২০২১-২২ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনার ৪র্থ ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতিসহ স্বমূল্যায়ন	মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখা/ প্রশাসন-১ অধিশাখা/ সেবা প্রদান